ওঁ হং সঃ ষট্ শ্রীমদ্ গুরবে নমঃ

# শক্তিবাদীয় ধর্ম্মের অনুষ্ঠান

শক্তিবাদ প্রবর্তক
স্বামী সত্যানন্দ সরস্বতী

কর্ম্ম, উপাসনা ও জ্ঞান সম্বন্ধে শক্তিবাদীদের জীবন আনুষ্ঠানিক জীবন হওয়া চাই। দুর্ব্বলস্তরের কর্ম্ম, দুর্ব্বলস্তরের উপাসনা ও দুর্ব্বলস্তরের জ্ঞান অনুসরণ করিবে না। অসুরস্তরের কর্ম্মী, অসুরস্তরের উপাসক ও অসুরস্তরের মূর্খগণকে প্রশ্রয় দিবে না। সমস্ত জীবন শক্তিবাদীয় কর্ম্ম, শক্তিবাদীয় উপাসনা ও শক্তিবাদীয় জ্ঞানের অনুশীলন করিবে। ক্রমবিকাশ ও শক্তিশালী সমাজের নীতি ধরিয়া চলিবে। উপাসনা যত কম সময়ই কর না কেন, উহা আনুষ্ঠানিক ভাবে করিবে। প্রথম অবস্থায় ব্রহ্মনাড়ী ধ্যান এবং গায়ত্রী, ব্রহ্মস্তোত্র ও মহামন্ত্র উচ্চারণসহ উপাসনা যথেষ্ট। কিন্তু ইহারও সীমা ক্রমে বৃদ্ধি করিতে হইবে। পূজা, যজ্ঞ ও সন্ধ্যানুষ্ঠানের পর উপাসনা শ্রুতিমধুর ও গম্ভীর হয়, এবং মন জ্ঞানধারণে উপযুক্ত, সূক্ষ্ম ও শক্তিশালী হয়। বৈদিক সন্ধ্যা, তান্ত্রিক সন্ধ্যা, ভোজনে গণ্ডুষবিধি ও সংক্ষেপে নিত্যপূজা বলা হইল। যে যতটুকু সময় ও সুযোগ পাও সে ততটা অনুষ্ঠানে তৎপর হইবে। তবেই উন্নত সাধনার ক্রমে প্রবেশের পথ সহজ হইবে। কোন অনুষ্ঠানেই আটকাইয়া যাইবে না এবং অনুষ্ঠান না করিয়া উন্নত জ্ঞানের অহংকারও দেখাইবে না। শক্তি উপাসনাই বৈদিক ধর্ম্মের ভিত্তি। ইন্দ্রাদিগণ, ঋষিগণ, মনুগণ, রাম, বুদ্ধ, কৃষ্ণ প্রভৃতি অবতারগণ সকলেই শক্তিউপাসক ছিলেন। বাংলায় এখনও বৈদিক সমাজ ও শক্তিউপাসনার ধারা জাতীয় উপাসনারূপে প্রবর্ত্তিত আছে। দুর্ব্বলচিত্তগণ বাংলার বুকে কত গুলি দুর্ব্বলচিত্ত মানুষের উপাসনা প্রবর্ত্তনে বাংলার শক্তিবাদীয় জীবন নষ্ট করিয়াছে। তাহাদিগকে জাতীয় ও অধ্যাত্মবিদ্যার শত্রু জানিবে। সকলে শক্তিউপাসনায় মন দিবে। পুরোহিত সম্প্রদায়কে আমরা বিশেষভাবে অনুরোধ করি, তাঁহারা ব্রহ্মণ্যবাদ অনুসরণ করুন এবং সকলকে শক্তিউপাসনা শিক্ষা দিতে আরম্ভ করুন। অধিকার নাই, তুই দূরে থাক, ইত্যাদি ব্রহ্মদ্বেষী আচরণ ত্যাগ করুন। যাহারা পেটের দায়ে বা বর্ব্বরদের পদাঘাতে বৈদিক ধর্ম্ম ও ভারতীয় ধর্ম্ম ত্যাগ করিয়া ম্লেচ্ছ, যবন ও খৃষ্টবাদ গ্রহণ করিয়া প্রেত বা পিশাচ উপাসক হইয়াছ, তাহারাও ফিরিয়া এসো। তোমরা হিন্দু সমাজের মধ্যে আরও শাখাসমাজ গড়িয়া তোল এবং মূর্খতাপূর্ণ যবনবাদ ত্যাগ করিয়া মানুষের মত উচ্চ শিরে বৈদিক ধর্ম্মের অনুষ্ঠানে মন দাও। ভাববাদীগণকে আমরা বলি, তোমরা ‘হরি’ নামের প্রচার কর; কিন্তু হরিনামের আড়ালে কোন দুর্ব্বলচিত্তকে ‘‘হরি ওঁ’’ এর স্বরূপ বলিয়া মিথ্যা কথা প্রচার করিবার অভ্যাস ত্যাগ কর। বাংলার উপাস্য, মহাশক্তি কালী। ইনিই গায়ত্রী ও ইনিই বেদোক্ত অগ্নি ও দেবীসূক্তের মহাশক্তি। এই মহাশক্তিই ঋগ্‌বেদে ‘‘ওঁ রাত্রি’’ রূপে পূজ্যা। ইনিই বেদান্তের ব্রহ্ম, শক্তিবাদীর শক্তি, বৈদিকযুগের উপাস্য মহাসরস্বতী, অসুরনাশিনী দুর্গা এবং বাঙ্গালীর অন্তর দেবতা। এজন্য আমরা তান্ত্রিক সন্ধ্যা ও সংক্ষেপ পূজায় মহাশক্তি কালী পূজার কথা বলিয়াছি - ‘‘কালিকা বঙ্গদেশেচ’’। বেদের মধ্যে সামবেদকে শ্রেষ্ঠ বলা হইয়াছে। এজন্য আমরা সামবেদীয় সন্ধ্যা প্রকাশ করিলাম - ‘‘বেদানাং সামবেদোঽস্মি’’ (গীতা)। আমরা অনুষ্ঠান করিয়া দেখিয়াছি, বৈদিক সন্ধ্যা ও তান্ত্রিক সন্ধ্যা এক স্তরের

নহে। দুইটীই খুব শক্তিশালী। বৈদিক হইতে তান্ত্রিক সন্ধ্যা গম্ভীর। অনেকে নিত্য দুইটীই করেন। আমাদের মতে, একটী করিলেও চলিবে।

## সামবেদীয় সন্ধ্যা

১। আসনে উপবেশন ও ব্রহ্মনাড়ীর স্মরণ॥ আচমন :- ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ॥ ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি স্বরয়ঃ, দিবীব চক্ষু রাততম্॥ ওঁ বিষ্ণুঃ। ওঁ বিষ্ণুঃ। ওঁ বিষ্ণুঃ॥

২। মার্জ্জন - ওঁ শন্ন আপো ধন্বন্যাঃ, সমুনঃ সন্তু নূপ্যাঃ। শন্নঃ সমুদ্রিয়া আপঃ, সমুনঃ সন্তু কূপ্যাঃ॥ ১॥ ওঁ দ্রুপদাদিব মুমুচানঃ, স্বিন্নঃ স্নাতো মলাদিব। পূতং পবিত্রেণেবাজ্য-মাপঃ শুন্ধন্তু মৈনসঃ॥ ২॥ ওঁ আপো হিষ্ঠা ময়োভুব, স্তান ঊর্জ্জে দাতন। মহে রণায় চক্ষসে॥ ৩॥ ওঁ যো বঃ শিবতমো রস, স্তস্য ভাজয়তেহ নঃ। উশতীরিব মাতরঃ॥ ৪॥ ওঁ তস্ম অরং গমাম বো, যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥ ৫॥ ওঁ ঋতঞ্চ সত্যঞ্চভীদ্ধাৎ তপসোঽধ্য জায়ত। ততো রাত্র্য জায়ত, ততো সমুদ্রো অর্ণবঃ॥ ওঁ সমুদ্রাদর্ণবাদধি, সংবৎসরো অজায়ত। অহো রাত্রাণি বিদধদ্ বিশ্বস্য মিষতো বশী॥ ওঁ সূর্য্যাচন্দ্র মসৌ ধাতা যথাপূর্ব্ব মকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবী ঞ্চান্তরিক্ষ মথো স্বঃ॥ ৬॥

৩। প্রাণায়াম বিধি - যাহারা সন্ধ্যা করে এমন লোকের নিকট প্রাণায়ামবিধি শিক্ষা করিয়া লইবে। 'ধর্ম্ম শিক্ষা' দ্রষ্টব্য। ঋষ্যাদি স্মরণ যথা :- ওঁ কারস্য ব্রহ্ম ঋষি র্গায়ত্রী চ্ছন্দোঽগ্নির্দ্দেবতা সর্ব্বকর্ম্মারম্ভে বিনিয়োগঃ॥ ৭॥ ওঁ সপ্তব্যাহৃতীনাং প্রজাপতি র্ঋষিগায়ত্র্যুষ্ণি-গনুষ্টুব্ বৃহতী পঙ্‌ক্তিত্রিষ্টুব। জগত্যশ্ছন্দাংসি, অগ্নি-বায়ু, সূর্য্য বরুণ বৃহস্পতি ইন্দ্র বিশ্বদেবাঃ দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ॥ ৮॥ ওঁ গায়ত্র্যা বিশ্বামিত্র ঋষি র্গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা প্রাণায়ামে বিনিয়োগঃ॥ ৯॥ ওঁ গায়ত্রীশিবসঃ প্রজাপতি র্ঋষি ব্রহ্ম বায়ু অগ্নি সূর্য্যাশ্চতস্র দেবতাঃ প্রাণায়ামে বিনিয়োগঃ॥ ১০॥ নাভৌ - ওঁ রক্তবর্ণ চতুর্ম্মুখং দ্বিভুজং অক্ষসূত্র কমণ্ডলুকরং হংস বাহনস্থং ব্রহ্মাণং ধ্যায়ন্॥ ১১॥

ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং॥ ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ। ওঁ আপো জ্যোতি রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ॥ ১২॥ হৃদি - ওঁ নীলোৎপল দলপ্রভং চতুর্ভুজং শঙ্খচক্র গদাপদ্মহস্তং গরুড়ারূঢ়ং কেশবং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং॥ ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ আপো জ্যোতি রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ॥ ১৩॥ ললাটে - ওঁ শ্বেতং দ্বিভুজং ত্রিশূল-ডমরু-করং অর্দ্ধচন্দ্র-বিভূষিতং ত্রিনেত্রং বৃষভারূঢ়ং শম্ভুং ধ্যায়ন্। ওঁ ভূঃ ওঁ ভুবঃ ওঁ স্বঃ ওঁ মহঃ ওঁ জনঃ ওঁ তপঃ ওঁ সত্যং॥ ওঁ তৎ সবিতুর্ব্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ আপো জ্যোতি রসোঽমৃতং ব্রহ্ম ভূর্ভুবঃ স্বরোঁ॥ ১৪॥

৪। আচমন॥ পাপ নাশার্থ হাতে জল লইবে, মন্ত্র পাঠ করিয়া সেই জল পান করিবে। প্রাতে॥ ওঁ সূর্য্যশ্চ মেতি মন্ত্রস্য ব্রহ্ম ঋষিঃ প্রকৃতিশ্ছন্দ আপো দেবতা আচমনে

বিনিয়োগঃ॥ ওঁ সূর্য্যশ্চ মামন্যুশ্চ মন্যুপতয়শ্চ। মন্যু কৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাং॥ যদ্রাত্রিয়া পাপমকারিষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না। রাত্রি স্তদবলুম্পতু, যৎ কিঞ্চ দুরিতং ময়ি॥ ইদমহং মা-মমৃত যোনৌ সূর্য্যে জ্যোতিষি জুহোমি স্বাহা॥ ১৫॥ মধ্যাহ্নে॥ ওঁ আপঃ পুনন্ত্বিতি মন্ত্রস্য বিষ্ণুর্ঋষি রনুষ্টুপ ছন্দো আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ আপঃ পুনন্ত পৃথিবীং, পৃথিবী পূতা পুনাতু মাং পুতন্ত ব্রহ্মণস্পতি ব্রহ্ম পূতা পুনাতু মাং। যদুচ্ছিষ্টমভোজ্যঞ্চ যদ্বা দুশ্চরিতং মম। সর্ব্বং পুনন্ত মামাপো, ঽসত্যঞ্চ প্রতিগ্রহং স্বাহা॥ ১৬॥ সায়ং॥ ওঁ অগ্নিশ্চমেতি মন্ত্রস্য রুদ্র ঋষিঃ প্রকৃতিচ্ছন্দ আপো দেবতা আচমনে বিনিয়োগঃ। ওঁ অগ্নিশ্চ মা মন্যুশ্চ মন্যুপতয়শ্চ। মন্যুকৃতেভ্যঃ পাপেভ্যো রক্ষন্তাম্॥ যদহ্না পাপমকারিষং মনসা বাচা হস্তাভ্যাং পদ্ভ্যামুদরেণ শিশ্না অহস্তদবলুম্পতু, যৎ কিঞ্চ দুরিতম্ ময়ি। ইদমহং মা-মমৃত-যোনৌ সত্যে জ্যোতিষি জুহোমি স্বাহা॥ ১৭॥

৫। পুনর্ম্মার্জ্জন॥ ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গোদেবস্য ধীমহি ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ॥ ওঁ আপো হি ষ্ঠেতি ঋক্ ত্রয়স্য সিন্ধুদ্বিপ ঋষি র্গায়ত্রীচ্ছন্দ আপো দেবতা মার্জ্জনে বিনিয়োগঃ॥ ওঁ আপো হিষ্ঠা ময়োভুব, স্তা ন উর্জ্জে দধাতন মহেরণায় চক্ষসে। ওঁ যো বঃ শিবতমো রস, স্তস্য ভাজয়তেহ নঃ। উশতী রিব মাতরঃ। ওঁ তস্মা অরং গমাম বো যস্য ক্ষয়ায় জিন্বথ। আপো জনয়থা চ নঃ॥ ১৮॥

৬। অঘমর্ষণ॥ ঋত মিত্যস্য অঘমর্ষণ ঋষি-রনুষ্টুপ্ ছন্দো ভাববৃত্তো দেবতা অশ্বমেধাবিভৃথে বিনিয়োগঃ। ওঁ ঋতঞ্চ সত্যঞ্চা ভীদ্ধাত্তপ সোঽধ্যজায়ত। ততো রাত্র্য জায়ত, ততঃ সমুদ্রো অর্ণবঃ॥ ওঁ সমুদ্রার্ণবাদধি, সংবৎসরো অজায়ত। অহো রাত্রাণি বিদধদ্ বিশ্বস্য মিষতো বশী॥ ওঁ সূর্য্যাচন্দ্র মসৌ ধাতা যথা পূর্ব্বমকল্পয়ৎ। দিবঞ্চ পৃথিবীঞ্চান্তরীক্ষ মথো স্বঃ॥ ১৯॥ সূর্য্যাভিমুখে গায়ত্রী মন্ত্রে তিনবার জল দান।

৭। সূর্য্যোপস্থান॥ (সকালবেলায় দাঁড়াইয়া ও কৃতাঞ্জলী হইয়া, মধ্যাহ্নে ঊর্দ্ধবাহু হইয়া এবং সন্ধ্যাবেলা কৃতাঞ্জলী হইয়া মন্ত্র পাঠ্য) উদুত্যমিতস্য প্রস্কণ্ব ঋষি র্গায়ত্রীচ্ছন্দঃ সূর্য্যোদেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ। ওঁ উদুত্যং জাতবেদসং, দেবং বহন্তি কেতবঃ দৃশে বিশ্বায় সূর্য্যম্॥ ২০॥ চিত্রমিত্যস্য কুৎসর্ঋষি ত্রিষ্টুপ্‌ছন্দঃ সূর্য্যো দেবতা সূর্য্যোপস্থানে বিনিয়োগঃ॥ ওঁ চিত্রং দেবানামুদ্গাদণীকং, চক্ষুর্মিত্রস্য বরুণস্যাগ্নেঃ। আপ্রা দ্যাবা পৃথিবী অন্তরীক্ষং, সূর্য্য আত্মা জগতস্ত স্থুষশ্চ॥ ২১॥ ওঁ তচ্চক্ষুরিতস্য দধাঙ্ঙথর্ব্বণঋষিঃ, সূর্য্যো দেবতা ব্রাহ্মী ত্রিষ্টুপ্‌ছন্দো, মহাবীরাদ্যন্তয়োঃ শান্তিকরণে বিনিয়োগঃ। তচ্চক্ষুর্দেবহিতং, পুরস্তাচ্ছুক্র মুচ্চরৎ। পশ্যেম শরদঃশতং, জীবে শরদঃশতং, শৃণুয়াম শরদঃশং, প্রব্রবাম শরদঃশতং, মদীনাঃ স্যাম শরদঃশতং, ভূয়শ্চ শরদঃশতং॥ ২১ (ক)॥ ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ ব্রাহ্মণেভ্যো নমঃ, ওঁ আচার্য্যেভ্যো নমঃ, ওঁ ঋষিভ্যো নমঃ, ওঁ দেবেভ্যো নমঃ, ওঁ বেদেভ্যো নমঃ, ওঁ বায়বে নমঃ, ওঁ মৃত্যবে নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ বৈশ্ববণায় নমঃ, ওঁ উপজায় নমঃ (প্রত্যেককে জলদান)॥

৮। আবাহন॥ ওঁ আয়াহি বরদেদেবি, ত্র্যক্ষরে ব্রহ্মবাদিনি। গায়ত্রিচ্ছন্দসাং মাত-র্ব্রহ্মযোনি নমোঽস্তুতে॥ ২২॥ অঙ্গন্যাস॥ ওঁ আং হৃদয়ায় নমঃ, ঈং শিরসে স্বাহা, ঊং শিখায়ৈ বষট্, ঐঁ কবচায় হূঁ, ওঁ নেত্রত্রয়ায় বৌষট্, অঃ অস্ত্রায় ফট্।

ঋষ্যাদি স্মরণ॥ ওঁ গায়ত্র্যা বিশ্বামিত্রঋষিঃ গায়ত্রীচ্ছন্দঃ সবিতা দেবতা জপোপনয়নে বিনিয়োগঃ॥ ২৩॥

৯। দ্যান॥ প্রাতঃ॥ ওঁ কুমারী-মৃগ্ বেদযুতাং ব্রহ্মরূপাং বিচিন্তয়েৎ। হংসস্থিতাং কুশহস্তাং সূর্য্যমণ্ডল সংস্থিতাম্॥ ২৪॥ মধ্যাহ্ন॥ ওঁ মধ্যাহ্নে বিষ্ণুরূপাঞ্চ তার্ক্ষ্যস্থাং পীতবাসসম্ যুবতীঞ্চ যজুর্ব্বেদাং সূর্য্যমণ্ডল সংস্থিতাং॥ ২৫॥ সায়ং॥ ওঁ সায়াহ্নে শিবরূপাঞ্চ বৃদ্ধাং বৃষভ-বাহিনীং। সূর্য্যমণ্ডলমধ্যস্থাং সামবেদ-সমাযুতাং॥ ২৬॥

১০। জপ॥ ওঁ ভূ র্ভুবঃ স্বঃ, তৎ সবিতুর্ব্বরেণ্যং, ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো য়ো নঃ প্রচোদয়াৎ ওঁ॥ ২৭॥

১১। বিসর্জ্জন॥ ওঁ মহেশ বদনোৎপন্না বিষ্ণুহৃদয়সম্ভবা। ব্রহ্মণা সমনুজ্ঞাতা গচ্ছ দেবি যথেচ্ছয়া॥ ২৮॥ ওঁ অনেন জপেন ভগবন্তাবাদিত্য শুক্রৌ প্রীয়েতাম্॥ ওঁ আদিত্য শুক্রাভ্যাং নমঃ॥ ২৯॥ (জলদান)

১২। আত্মরক্ষা॥ জাতবেদসে ইত্যস্য কশ্যপঋষিঃ ত্রিষ্টুপ্ছন্দো ঽগ্নির্দ্দেবতা, আত্মরক্ষায়াং জপে বিনিয়োগঃ॥ ওঁ জাতবেদসে স্থনবাম সোমমরাতীয়তো নি দহতি বেদঃ। স নঃ পর্ষদতি দুর্গাণি বিশ্বা নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ॥ ৩০॥ (আমরা সেই বেদ-স্বরূপ অগ্নির উপাসনা করি। তিনি অসুরগণকে সর্ব্বদা দগ্ধিভূত করেন এবং আমাদিগকে নৌকাদ্বারা সিন্ধুপার করিবার মতই পার করেন)। শক্তিবাদিগণ মনে রাখিবেন, গায়ত্রী উপাসনা অসুরনাশ ও শক্তিবাদীয় উপাসনা মাত্র।

১৩। রুদ্রোপস্থান॥ ওঁ ঋতমিত্যস্য কালাগ্নি রুদ্রঋষি রনুষ্টুপ্ ছন্দো রুদ্রো দেবতা রুদ্রোপস্থানে বিনিয়োগঃ। ওঁ ঋতং সত্যং পরং ব্রহ্ম, পুরুষং কৃষ্ণপিঙ্গলং ঊর্দ্ধলিঙ্গং বিরূপাক্ষং বিশ্বরূপং নমো নমঃ॥ ৩১॥ জলদান :- ওঁ ব্রহ্মণে নমঃ, ওঁ অদ্ভ্যো নমঃ, ওঁ বিষ্ণবে নমঃ, ওঁ রুদ্রায় নমঃ, ওঁ বরুণায় নমঃ॥

১৪। সূর্য্যার্ঘ্য॥ ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণু তেজসে। জগৎ সবিত্রে শুচয়ে, সবিত্রে কর্ম্মদায়িনে ইদং অর্ঘ্যং ওঁ শ্রীসূর্য্যায় নমঃ॥ ৩২॥ প্রণাম - ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিং। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্॥ ৩৩॥ ক্ষমা প্রার্থনা। ওঁ যদক্ষরং পরিভ্রষ্টং মাত্রা হীনঞ্চ যদ্ভবেৎ। পূর্ণং ভবতু তৎ সর্ব্বং তৎ প্রসাদাৎ সুরেশ্বরি॥ ৩৩॥

ইতি বৈদিক সন্ধ্যা।

## তান্ত্রিক সন্ধ্যা

১। হস্তপদ প্রক্ষালন, আসন গ্রহণ, সহস্রার হইতে মূলাধার পর্য্যন্ত চিন্তা করিয়া মস্তকে গুরু ও মূলাধারে ইষ্ট প্রণাম॥

২। আচমন॥ (ডানহাতের তালুতে একটু জল লইয়া নিম্নোক্ত তিনটী মন্ত্রে পান করিবে) ওঁ আত্মতত্ত্বায় স্বাহা॥ ওঁ বিদ্যাতত্ত্বায় স্বাহা॥ ওঁ শিবতত্ত্বায় স্বাহা॥ মূলমন্ত্রে :- (অঙ্গুষ্ঠদ্বারা) ওষ্ঠাধর মার্জ্জন। হস্তপ্রক্ষালন। (তর্জ্জণীদ্বারা) নাসাদ্বয়স্পর্শ। (মধ্যমা দ্বারা) চক্ষুদ্বয় স্পর্শ। (অঙ্গুষ্ঠদ্বারা) কর্ণদ্বয় স্পর্শ। (অনামিকা দ্বারা) ওষ্ঠাধর স্পর্শ। (কনিষ্ঠা

দ্বারা) নাভি স্পর্শ। (অঙ্গুষ্ঠ ব্যতীত অন্য চারি অঙ্গুলি দ্বারা) বক্ষস্থল স্পর্শ। (দক্ষিণহস্তের সমস্ত অঙ্গুলী দ্বারা) মস্তক স্পর্শ। (উভয় হস্তের অঙ্গুলীর অগ্রভাগ দ্বারা) উভয় বাহুমূল স্পর্শ॥

৩। আসনশুদ্ধি॥ (আসনের নিম্নে নিম্নমুখী ত্রিকোণ, পরে বর্ত্তুল, পরে চতুষ্কোণ মণ্ডল অঙ্কণ॥) ওঁ আঃ সুরেখে বজ্ররেখে হুঁ ফট্ স্বাহা॥ (আসন পূজা) ওঁ হ্রীঁ আধারশক্তিকমলাসনায় নমঃ॥ (উভয় হস্তে সমস্ত অঙ্গুলীর দ্বারা আসন স্পর্শ করিয়া) ওঁ আসন মন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্ম্মোদেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ॥ ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতালোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্॥

৪। গুরু আদি প্রণাম॥ [করজোড়ে] (বামদিকে) ওঁ গুরুভ্যো নমঃ। ওঁ পরম গুরুভ্যো নমঃ॥ ওঁ পরাপর গুরুভ্যো নমঃ॥ ওঁ পরমেষ্ঠি গুরুভ্যো নমঃ॥ (দক্ষিণে) ওঁ গণেশায় নমঃ॥ (ঊর্দ্ধে) ওঁ ব্রহ্মণে নমঃ॥ (অধঃ) ওঁ অনন্তায় নমঃ॥ (পশ্চাতে) ওঁ ক্ষেত্রপালায় নমঃ॥ ওঁ যোগিনীভ্যো নমঃ॥ ওঁ দিক্পালেভ্যো নমঃ॥ (সম্মুখে) ওঁ ক্রীঁ শ্রীমদ্দক্ষিণ কালিকায়ৈ নমঃ॥ (সর্ব্বত্র) ওঁ পরমাত্মনে নমঃ॥

৫। জলশুদ্ধি॥ ওঁ গঙ্গেচ যমুনেচৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধুকাবেরি জলে ঽস্মিন্ সন্নিধিং কুরু॥ ‘‘বং’’ মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শন॥ মৎস্য মুদ্রায় আচ্ছাদন করিয়া দশবার ‘‘ওঁ’’ জপ॥ ওঁ জলায় নমঃ॥

৬। মার্জ্জন॥ মূলমন্ত্রে (অঙ্গুষ্ঠ ও অনামিকা সংযোগে) তিনবার মাটিতে ও সাতবার মস্তকে জলের ছিটা দিবে।

৭। প্রাণায়াম॥ (মূলমন্ত্রে) পূরক ৪, কুম্ভক ১৬, রেচক ৮॥ মূলাধার হইতে সহস্রার এবং সহস্রার হইতে মূলাধার তিনবার চিন্তা করিবে।

৮। অঘমর্ষণ॥ (বামকরে জল গ্রহণ, দক্ষিণ করদ্বারা আচ্ছাদন) ‘‘হং যং বং লং রং’’ (তিনবার জপ করিয়া বাম করাঙ্গুলীতে নিঃসৃত বিন্দু বিন্দু জল দক্ষিণ হস্তের বৃদ্ধা ও অনামিকা সহযোগে নিজের মাথায় সাতবার ছিটা দিবে, অবশিষ্ট জল দক্ষিণ হস্তে গ্রহণ করিয়া দক্ষিণ নাসিকার পথে প্রবেশ করাইয়া বাম নাসিকা পথে বাহির করিয়া ‘‘ফট্’’ মন্ত্রে ফেলিয়া দিবে॥) হস্তপ্রক্ষালন॥ আচমন॥

৯। তর্পণ। ওঁ দেবান্ তর্পয়ামি নমঃ॥ ওঁ ঋষীন্ তর্পয়ামি নমঃ॥ ওঁ পিতৃণ্ তর্পয়ামি নমঃ॥ ওঁ গুরুং তর্পয়ামি নমঃ॥ ওঁ পরমগুরুং তর্পয়ামি নমঃ॥ ওঁ পরাপর গুরুং তর্পয়ামি নমঃ॥ ওঁ পরমেষ্টিগুরুং তর্পয়ামি নমঃ। ওঁ সাঙ্গায়াঃ সাবরাণায়াঃ সায়ুধায়াঃ সপরিবারায়াঃ মহাকালভৈরব সহিতায়াঃ শ্রীমদ্দক্ষিণ কালিকাদেব্যাঃ শ্রীপাদুকাং তর্পয়ামি স্বাহা॥ (তিনবার করিয়া তর্পণ করিতে হয়)।

১০। সূর্য্যার্ঘ্য। ওঁ হ্রীঁ হং সঃ মার্ত্তণ্ড ভৈরবায় প্রকাশ শক্তি সাহিতায় এষঃ অর্ঘ্যঃ (বা ইদমর্ঘ্যং) শ্রীসূর্য্যায় স্বাহা॥

১১। ইষ্টদেবতার অর্ঘ্য॥ ওঁ উদ্যদাদিত্যমণ্ডল মধ্যবর্ত্তিন্যৈ নিত্য চৈতন্যোদিতায়ৈ ইদমর্ঘ্যং শ্রীমদ্দক্ষিণ কালিকাদেবতায়ৈ স্বাহা॥ পরে বৈদিক বা তান্ত্রিক গায়ত্রী সহ তিনবার দান।

১২। অঙ্গন্যাস॥ ওঁ ক্রাঁ হৃদয়ায় নমঃ॥ ওঁ ক্রীঁ শিরসে স্বাহা॥ ওঁ ক্রূঁ শিখায়ৈ বষট্॥ ওঁ ক্রৈঁ কবচায় হূঁ॥ ওঁ ক্রৌঁ নেত্রত্রয়ায় বৌষট্॥ ওঁ ক্রঃ অস্ত্রায় ফট্॥

১৩। করন্যাস॥ ওঁ ক্রাঁ অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ॥ ওঁ ক্রীঁ তর্জ্জনীভ্যাং স্বাহা॥ ওঁ ক্রূঁ মধ্যমাভ্যাং বষট্॥ ওঁ ক্রৈঁ অনামিকাভ্যাং হূঁ॥ ওঁ ক্রৌঁ কনিষ্ঠাভ্যাং বৌষট্॥ ওঁ ক্রঃ অস্ত্রায় ফট্॥

১৪। ধ্যান। (প্রাতঃ) ওঁ উদ্যদাদিত্য সঙ্কাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ। কৃষ্ণাজিনধরাং ব্রাহ্মীং ধ্যায়েৎ তারকিতে হম্বরে॥ (প্রাতঃসন্ধ্যার শ্রেষ্ঠ সময় আকাশে তারা দেখা যায় এমন সময়)॥ (মধ্যাহ্নে) ওঁ শ্যামবর্ণাং চতুর্ব্বাহুং শঙ্খচক্রলসৎকরাং গদাপদ্মধরাং দেবীং সূর্য্যাসন কৃতাশ্রয়াম্॥ (মধ্যাহ্ন সন্ধ্যা সূর্যোদয়ের পর ১২টার মধ্যে করিতে হয়)॥

(সায়াহ্নে) ওঁ সায়াহ্নে বরদাং দেবী গায়ত্রীং সংস্মরেদ্ যতিঃ॥

শুক্লাং শুক্লাম্বরধরাং বৃষাসন কৃতাশ্রয়াম্॥
ত্রিনেত্রাং বরদাং পাশং শূলঞ্চ নৃকরোটিকাং,
বিভ্রতীং করপদ্মৈশ্চ বৃদ্ধাং গলিতযৌবনাং
সূর্য্যমণ্ডল মধ্যস্থাং ধ্যায়ন্ দেবীং সমভ্যাসেৎ॥

(সায়ং সন্ধ্যা সূর্য্যাস্তের সঙ্গে সঙ্গে হইলে ভাল হয়)

১৫। জপ॥ গায়ত্রী ও ইষ্টমন্ত্র জপ।

যাঁহারা বৈদিক সন্ধ্যা করেন না, তাঁহারা এসময় বৈদিক গায়ত্রী জপ করিয়া লইবেন।

১৬। জপ সমর্পণ॥ ওঁ গুহ্যাতি গুহ্য গোপ্ত্রী ত্বং গৃহাণাস্মাৎ কৃতং জপং সিদ্ধির্ভবতি মে দেবি ত্বৎপ্রসাদান্মহেশ্বরি।

১৭। প্রণাম॥ ওঁ সময় থাকিলে রুদ্রী, চণ্ডী, উপনিষদ বা গীতাপাঠ করিবে এবং উপাসনা করিবে। ইতি তান্ত্রিক সন্ধ্যা॥

## সংক্ষেপে পূজা

অনেকে গৃহে দেবতার আসন রাখে এবং নিত্য পূজা করে। নারায়ণ শিলা, শিবলিঙ্গ ও তরবারিতে যে কোন দেবতার পূজা করা চলে। আসনে বসিয়া সমস্ত পূজাদ্রব্যে ও পূজাস্থানে জলের ছিটা দিবে। যদি সন্ধ্যা অনুষ্ঠানের সঙ্গে সঙ্গে পূজা না করা হয় তবে তান্ত্রিক সন্ধ্যায় বর্ণিত ১।২।৩।৪।৫।৬ অনুষ্ঠান করিবে। ইহার পর নিম্নলিখিত অনুষ্ঠান করিবে। যথা -

১। এতে গন্ধ পুষ্পে ওঁ গণেশাদি পঞ্চদেবতাভ্যো নমঃ॥ ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ। ওঁ গুরবে নমঃ। ইহার পর ৭।১২।১৩ নং অনুষ্ঠান করিয়া ধ্যানমুদ্রায় হাতে ফুল বা জল লইয়া কালীর ধ্যান করিবে ও ধ্যানের পর পুষ্পটী বা জলটুকু নিজের মাথায় দিবে এবং মানস পূজা করিবে। যথা -

কনিষ্ঠাদ্বয়ের অগ্রভাগ (অত্যন্ত ধীরে) সংযুক্ত করিবে ও মূলাধার চিন্তা করিবে এবং বলিবে ''ওঁ লং পৃথিবী-আত্মকং গন্ধং ওঁ ক্রীঁ কালিকায়ৈ সমর্পয়ামি নমঃ।'' অনামিকাদ্বয়ের অগ্রভাগ সংযুক্ত করিবে, স্বাধিষ্ঠান ধ্যান করিবে এবং বলিবে ''ওঁ বং অমৃতাত্মকং নৈবেদ্যং ওঁ ক্রীঁ কালিকায়ৈ সমর্পয়ামি নমঃ''॥ মধ্যমাদ্বয় সংযুক্ত করিবে এবং মণিপুর ধ্যান করিবে এবং বলিবে ''ওঁ রং বহ্ন্যাত্মকং দীপং ওঁ ক্রীঁ কালিকায়ৈ সমর্পয়ামি নমঃ''। তর্জ্জনীদ্বয় সংযুক্ত করিবে, অনাহত চিন্তা করিবে এবং বলিবে ''ওঁ যং বায়ু-আত্মকং ধূপং ওঁ ক্রীঁ কালিকায়ৈ সমর্পয়ামি নমঃ''। অঙ্গুষ্ঠদ্বয়ের অগ্রভাগ সংযুক্ত করিবে, বিশুদ্ধাখ্য কেন্দ্র ধ্যান করিবে এবং বলিবে ''ওঁ হং আকাশাত্মকং পুষ্পং ওঁ ক্রীঁ কালিকায়ৈ সমর্পয়ামি নমঃ''। সমস্তগুলি অঙ্গুলীর অগ্রভাগ সংযুক্ত করিবে এবং ব্রহ্মনাড়ী চিন্তা করিবে এবং বলিবে ''ওঁ ঐঁ সর্ব্বাত্মকং তাম্বুলং ওঁ ক্রীঁ কালিকায়ৈ সমর্পয়ামি নমঃ''। (পুং দেবতার পূজাকালে ''অমুক দেবায় সমর্পয়ামি নমঃ'' বলিবে)।

পুনর্ধ্যান। মানস পূজার পর পুনঃ মন্ত্রসহ বা বিনামন্ত্র ধ্যান করিয়া পুষ্পটী দেবতার মূর্ত্তি বা যন্ত্রের উপর দিবে এবং পঞ্চোপচারে পূজা করিবে যথা :-

এষ গন্ধ ওঁ ক্রীঁ কালিকায়ৈ নমঃ। এতে গন্ধ পুষ্পে ওঁ ক্রীঁ কালিকায়ৈ নমঃ। এষঃ ধূপঃ ওঁ ক্রীঁ কালিকায়ৈ নমঃ। এষঃ দীপঃ ওঁ ক্রীঁ কালিকায়ৈ নমঃ। এতদ্ নৈবেদ্যং বা এতদ্ জলং ওঁ ক্রীঁ কালিকায়ৈ নমঃ।

ইহার পর, মূলাধারে, ওঁ ক্রীঁ ডাকিন্যৈ নমঃ, স্বাধিষ্ঠানে, ওঁ ক্রীঁ রাকিন্যৈ নমঃ। মণিপুরে, ওঁ ক্রীঁ লাকিন্যৈ নমঃ। অনাহতে, ওঁ ক্রীঁ কাকিন্যৈ নমঃ। বিশুদ্ধায় - ওঁ ক্রীঁ শাকিন্যৈ নমঃ। আজ্ঞায় - ওঁ ক্রীঁ যোগিন্যৈ নমঃ। মূলাধার হইতে মস্তক পর্য্যন্ত বিস্তৃত ব্রহ্মনাড়ীতে - ওঁ ক্রীঁ মহাকাল্যৈ নমঃ।

(শিবপূজা কালে এ সময় অষ্টমূর্ত্তি শিবের পূজা করিবে। যথা - মূলাধারে - ওঁ হৌঁ সর্ব্বায় ক্ষিতিমূর্ত্তয়ে নমঃ। স্বাধিষ্ঠানে - ওঁ হৌঁ ভবায় জলমূর্ত্তয়ে নমঃ। মণিপুরে ওঁ হৌঁ রুদ্রায় অগ্নিমূর্ত্তয়ে নমঃ। অনাহতে - ওঁ হৌঁ উগ্রায় বায়ুমূর্ত্তয়ে নমঃ। বিশুদ্ধায় ওঁ হৌঁ ভীমায় আকাশমূর্ত্তয়ে নমঃ। আজ্ঞায় - ওঁ হৌঁ পশুপতয়ে যজমান মূর্ত্তয়ে নমঃ। সোমচক্রে - ওঁ হৌঁ মহাদেবায় সোমমূর্ত্তয়ে নমঃ। ব্রহ্মরন্ধ্রে - ওঁ হৌঁ ঈশানায় সূর্য্যমূর্ত্তয়ে নমঃ।)

ইহার পর গৃহের অন্যান্য দেবতার পটাদি থাকিলে একটু একটু জল বা গন্ধপুষ্প দিবে।

যথা - এতদ্ জলং অমুক দেবতায়ৈ বা ''দেবায় নমঃ''। অথবা ''সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ''। ''সর্ব্বাভ্যো দেবীভ্যো নমঃ''।

ইহার পর স্থবিধা থাকিলে জপ করিবে এবং প্রণাম করিবে। সময় থাকিলে উপাসনা স্তুতি পাঠ করিবে। অত্যন্ত সংক্ষেপে পূজা করিতে হইলে ব্রহ্মনাড়ীর ধ্যানসহ গায়ত্রী, ব্রহ্মস্তোত্র বা মহামন্ত্র পাঠ করিয়া, অথবা শুধু গায়ত্রী পাঠ করিয়া, জল, পুষ্প ও চন্দনসহ পুষ্পাঞ্জলী দিবে।

ব্রহ্মনাড়ী, গুরুপাদুকা, শিবপিণ্ড ও কুণ্ডলিনী ধ্যান করিয়া যে কোন দেবতার পূজাই কর না, উহা শক্তিশালী হইবে এবং ধর্ম্ম-অর্থ-কাম ও মোক্ষের অনুকূল হইবে। কালী ভিন্ন অন্য উপাস্য হইলে সেই ধ্যান সংগ্রহ করিয়া লইবে।

# ভোজনে গণ্ডুষ বিধি

ভোজনকালে ব্রহ্মনাড়ী ২, ৩ সেকেণ্ড ধ্যান করিবে এবং মাটীতে অন্নব্যঞ্জনের ৫টী ছোট গ্রাস সাজাইবে। ইহার পর হাতে গণ্ডুষের জল লইবে এবং ''ওঁ নাগায় স্বাহা, ওঁ কূর্ম্মায় স্বাহা, ওঁ কৃকরায় স্বাহা, ওঁ দেবদত্তায় স্বাহা, ওঁ ধনঞ্জয়ায় স্বাহা'' এক একটী মন্ত্রে এক একটী গ্রাসের উপর ফোটা ফোটা জল দিবে, শরীরে ইহাদের ক্রিয়া সম্বন্ধে ১০, ১৫ সেকেণ্ড ভাবিবে (নাগ উদ্গার বমনে, কূর্ম্ম নিদ্রা হইতে জাগরণে, কৃকর হাঁচিতে, দেবদত্ত হাই উত্তোলনে, ধনঞ্জয় নাদঘোষে রূপ লয়) এবং ''ওঁ ব্রহ্মার্পণং ব্রহ্মহর্বি ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণাহুতং। ব্রহ্মৈব তেন গন্তব্যং ব্রহ্মকর্ম্ম সমাধিনা'' মন্ত্রে অন্নাদি নিবেদন করিবে এবং গণ্ডুষের জল ''ওঁ অমৃতোপস্তরণমসি স্বাহা'' মন্ত্রে পান করিবে।

ইহার পর ''ওঁ প্রাণায় স্বাহা'' অঙ্গুষ্ঠ তর্জ্জনী মধ্যমাসহযোগে, ''ওঁ অপানায় স্বাহা'' অঙ্গুষ্ঠ মধ্যমা অনামিকা সহযোগে। ''ওঁ সমানায় স্বাহা'' সমস্ত অঙ্গুলী সহযোগে। ''ওঁ উদানায় স্বাহা'' তর্জ্জনী ভিন্ন সমস্ত অঙ্গুলী সহযোগে। ''ওঁ ব্যানায় স্বাহা'' অনামিকা কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠ সহযোগে, পঞ্চ প্রাণকে আহুতি দিবে। আহুতির পর হস্তে যে কটা অন্ন থাকিবে, উহা মাটিতে ফেলিয়া আহার করিবে। আহারান্তে ''ওঁ অমৃত পিধান মসি স্বাহা'' মন্ত্রে পুনঃ গণ্ডুষ পান করিবে।

### দক্ষিণাকালীর ধ্যান

ওঁ ক্রীঁ করালবদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভুজাং।
কালিকাং দক্ষিণাং দিব্যাং মুক্তমালাবিভূষিতাম্॥
সদ্যশ্ছিন্নশিরঃ-খড়্গ-বামাধোর্দ্ধ-করাম্বুজাম্।
অভয়ং বরদঞ্চৈব-দক্ষিণোর্দ্ধাধ-পাণিকাম্॥
মহামেঘপ্রভাং শ্যামাং তথা চৈব দিগম্বরীম্।
কণ্ঠাবসক্তমুণ্ডালী-গলদ্রুধির-চর্চ্চিতাম্॥
কর্ণাবতংসতানীত-শবযুগ্ম-ভয়ানকাম্।
ঘোরদংষ্ট্রাং করালাস্যাং পীনোন্নত-পয়োধরাম্॥
শবানাং করসংঘাতৈঃ কৃতকাঞ্চীং হসন্মুখীম্।
সৃক্কদ্বয়-গলদ্রক্ত-ধারাং বিস্ফুরিতাননাম্॥
ঘোররাবাং মহারৌদ্রীং শ্মশানালয়বাসিনীম্।
বালার্ক-মণ্ডলাকার-লোচনত্রিতয়ান্বিতাম্॥
দন্তরাং দক্ষিণব্যাপি মুক্তালম্বিকচোচ্চয়াম্।
শবরূপ-মহাদেব-হৃদয়োপরি-সংস্থিতাম্॥
শিবাভির্ঘোর-রাবাভি শ্চতুর্দ্দিক্ষু সমন্বিতাং।
মহাকালেন চ সমং বিপরীত-রতাতুরাং॥
সুখপ্রসন্নবদনাং স্মেরানন-সরোরুহাম্।
এবং সঞ্চিন্তয়েৎ কালীং সর্ব্বকাম-সমৃদ্ধিদাম্॥